গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০৬২.১৮-৫৫৮

তারিখ : ১১ ভাদ্র ১৪২৫ / ২৬ আগস্ট ২০১৮

বিষয় : "২৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে অফিস/আবাসিক ভবন নির্মাণ'' শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবিত "২৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে অফিস/আবাসিক ভবন নির্মাণ'' শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা গত ০৮/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সচিব, সুরক্ষা সেবা বিভাগ। সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৬/০৮/২০১৮

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(৩) অতিরিক্ত সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
(৬) উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

(১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
(৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অফিস কপি।
(৫) মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "২৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে অফিস/আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের অভ্যন্তরীণ যাচাই কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৮ আগস্ট ২০১৮ খ্রি: |
| সময় | : | বিকাল ০৩.৩০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী দেশের প্রতিটি উপজেলায় কমপক্ষে একটি করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের উপর তিনি গুরুত্বারোপ করেন। এছাড়া, সভাপতি বিভিন্ন শিল্পাঞ্চল, গ্রোথ এরিয়া, উপশহর, হাইওয়ে এবং ঘনবসতিপূর্ন এলাকায় ফায়ার স্টেশন স্থাপন করা প্রয়োজন মর্মে মতামত প্রদান করেন। তাছাড়াও সরকারি অনুমিত হিসাব সম্পর্কিত কমিটির পরামর্শ মোতাবেক হাইওয়ের পার্শ্বে এ্যাম্বুলেন্স সুবিধাসহ স্টেশন নির্মাণের প্রয়োজন মর্মে তিনি সভাকে জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান জানান যে, প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৬১৫২০.৯০ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে দূর্যোগ ঝুঁকি মোকাবেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সক্ষমতা বৃদ্ধি করা, সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর বেষ্টনী সম্প্রসারণ ও দুর্যোগ মোকাবেলায় তাৎক্ষণিক সাড়া প্রদান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অফিস ও আবাসন সমস্যা নিরসন। প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপি'তে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে।

০৩। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স যে কোন দূর্যোগে প্রথম সাড়াদানকারী জাতীয় প্রতিষ্ঠান। অগ্নিকান্ড ও প্রাকৃতিক দূর্যোগ থেকে জনগণ ও তাদের সম্পদ রক্ষা করার জন্য এ সংস্থা খুব গুরুত্বপূর্ণ। অগ্নিকান্ড ছাড়াও টর্নেডো, বন্যা, ভূমিকম্প, ভবন ধ্বস, পাহাড় ধ্বস, শিল্প দূর্ঘটনা ইত্যাদি আকস্মিক প্রাকৃতিক দুর্যোগের সময় এ বাহিনীর সদস্যগণ উদ্ধার কার্যক্রমসহ আহত ব্যক্তিদের প্রাথমিক চিকিৎসা প্রদানসহ সর্বাত্মক সহায়তা প্রদান করে থাকে। বর্তমানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৪টি বিভাগের বিভাগীয় সদর দপ্তর এর নিজস্ব কোন ভবন নেই, এর ফলে ভাড়া করা বাড়ীতে দপ্তরের কার্যক্রম পরিচালিত হচ্ছে, ফলে প্রতিবছর ভাড়া বাবদ সরকারের প্রচুর অর্থ ব্যয় হচ্ছে। অপরদিকে, ভাড়া করা বাড়ী যেহেতু দপ্তরের

প্রয়োজনীয়তা মোতাবেক ডিজাইন করা হয়নি সেহেতু দাপ্তরিক কাজকর্ম পরিচালনায় ও নিরাপত্তা বিধান এর ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয়। দপ্তর/স্টেশনের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ একত্রে একই জায়গায় থাকলে কাজের গতিশীলতা বৃদ্ধি পাবে এবং সেবা প্রদান নিশ্চিত করা যাবে। এছাড়াও তিনি ১৪টি জরাজীর্ণ স্টেশন ভবন পুন:নির্মাণ প্রয়োজন মর্মে উল্লেখ করেন। তাছাড়াও ৪টি উপ-পরিচালকের দপ্তরসহ মডার্ন ফায়ার স্টেশন, ৪টি সহকারী পরিচালক, ১৭টি উপ-সহকারী পরিচালকের অফিস কাম বাসভবন, ১৪টি ফায়ার স্টেশন পুনর্নির্মাণসহ ১টি আবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে এ প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে।

০৪। সভাপতি আলোচ্য প্রকল্পটি ২টি ফেইজ এ বিভক্ত করে ১ম ফেইজ এ যন্ত্রপাতিসহ ফায়ার স্টেশনসমূহ নির্মাণের জন্য একটি প্রকল্প এবং ২য় ফেইজ এ আবাসন/বাসভবন নির্মাণের জন্য অপর একটি প্রকল্প প্রণয়নের পরামর্শ দেন। সভায় ১ম ফেইজ এর প্রকল্পের জন্য প্রস্তাবিত ১৯টি জেলায় জন্য যন্ত্রপাতির ধরণ এবং কি কি যন্ত্রপাতি প্রয়োজন তা যাচাই করাসহ প্রয়োজন অনুযায়ী (Need based) আধুনিক যন্ত্রপাতির তালিকা প্রণয়ন করার লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে (মন্ত্রণালয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বুয়েট/এমআইএসটির প্রতিনিধি, আইএমইডি'র প্রতিনিধি ইত্যাদি) একটি টেকনিক্যাল কমিটি কমিটি গঠণের জন্য নিদের্শনা প্রদান করা হয়। উপ-প্রধান জানান বর্তমানে ফায়ার স্টেশন নির্মাণের জন্য ২টি প্রকল্প (৮০ ফায়ার ও ৩২ ফায়ার) গ্রহণ প্রক্রিয়াধীন আছে। এ প্রকল্পের প্রস্তাবিত ১৪টি জরাজীর্ন স্টেশন নতুন দুটি প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত করা যেতে পারে। তাছাড়াও বিশ্বের সাথে তাল মিলিয়ে ফায়ার সার্ভিসের জন্য আধুনিক যন্ত্রপাতির প্রয়োজনীয়তার কথা তিনি সভায় তুলে ধরেন।

০৫। <u>বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :</u>

(৫.১) প্রকল্পটি ২টি ফেইজ এ বিভক্ত করে ১ম ফেইজ এ যন্ত্রপাতিসহ অফিস নির্মাণের জন্য একটি প্রকল্প এবং ২য় ফেইজে আবাসন/বাসভবন নির্মাণের জন্য অপর একটি প্রকল্প প্রণয়ন;

(৫.২) ১৪টি জরাজীর্ন স্টেশন প্রক্রিয়াধীন নতুন প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত করণ;

(৫.৩) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে ১ম ফেইজ এর প্রকল্পের জন্য সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে (মন্ত্রণালয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বুয়েট/এমআইএসটির প্রতিনিধি, আইএমইডি'র প্রতিনিধি ইত্যাদি) একটি টেকনিক্যাল কমিটি গঠণের প্রস্তাব দেয়া ।

০৬। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৮/১৫

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।